তফসিল-৫

[অর্থ আইন, ২০০৪ এর ধারা ৬২ দ্রষ্টব্য]

দ্বিতীয় তফসিল

(মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩ দ্রষ্টব্য)

মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত সেবাসমূহ

১। জীবন ধারণের জন্য মৌলিক সেবা ঃ

(ক) কৃষি জমি প্রস্তুতকারী ও কর্ষণকারী প্রতিষ্ঠান ;
(খ) কৃষি সেচ প্রদানকারী প্রতিষ্ঠান ;
(গ) কৃষি পোকামাকড়, বালাইনাশকারী প্রতিষ্ঠান ;
(ঘ) কৃষি পণ্য সংরক্ষণ বা গুদামজাতকরণ প্রতিষ্ঠান (হিমাগার ও পণ্যাগার ব্যতীত) ;
(ঙ) খাদ্য শস্য শাক-সব্জি ইত্যাদির কর্তন বা বাছাই বা মোড়কজাতকরণ;
(চ) কৃষি বীজ সংরক্ষণ ও বিতরণকারী প্রতিষ্ঠান (হিমাগার ও পণ্যাগার ব্যতীত)
(ছ) পশু-পাখির মাংস সংরক্ষণ বা গুদামজাতকরণ (হিমাগার ও পণ্যাগার ব্যতীত) ;
(জ) মৎস, জলজপ্রাণী ও জলজসম্পদ আহরণকারী প্রতিষ্ঠান ;
(ঝ) মৎস, জলজপ্রাণী ও জলজসম্পদ সংরক্ষণ বা গুদামজাতকারী প্রতিষ্ঠান (হিমাগার ও পণ্যাগার ব্যতীত) ;

২। সমাজ কল্যাণমূলক সেবা ঃ

(ক) চিকিৎসা ও স্বাস্থ্য সেবা (চিকিৎসা প্রতিষ্ঠান, দন্ত চিকিৎসা কেন্দ্র এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরী, বিউটি পার্লার, বিশেষজ্ঞ ডাক্তার এবং হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত) ;
(খ) শিক্ষামূলক ও প্রশিক্ষণ দানকারী প্রতিষ্ঠান ;
(গ) কোচিং সেন্টার ;
(ঘ) পরিবেশ দূষণরোধ প্রতিষ্ঠান ;
(ঙ) পুণর্বাসনমূলক প্রতিষ্ঠান ;
(চ) সামাজিক উন্নয়নে নিয়োজিত প্রতিষ্ঠান ;
(ছ) বৃদ্ধ নিবাস ও চাইল্ড কেয়ার প্রতিষ্ঠান ;
(জ) গবেষণা প্রতিষ্ঠান ।

৩। সংস্কৃতি সংশ্লিষ্ট সেবা ঃ

(ক) রেডিও ও টেলিভিশন সম্প্রচার প্রতিষ্ঠান (ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, ভিডিও ও অডিও রেকর্ডিং সপ, বিজ্ঞাপনী সংস্থা, বিজ্ঞাপন প্রচারণা এবং উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী ব্যতীত) ;

(খ) পুস্তক, সংবাদপত্র, ম্যাগাজিন ও সরকারী গেজেট প্রকাশনায় নিয়োজিত সংস্থা ও প্রতিষ্ঠান (ছাপাখানা ও বাঁধাই সংস্থা ব্যতীত) ;

(গ) শিল্পকর্ম, মৌলিক শিল্পকর্ম, সাংস্কৃতিক কর্মকান্ড, অপেশাদারী খেলাধূলা, অপেশাদারী ক্রীড়া প্রতিযোগিতা (খেলাধুলার আয়োজক, চলচ্চিত্র স্টুডিও, চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) ও চলচ্চিত্র পরিবেশক ব্যতীত) ;

(ঘ) লাইব্রেরী, সকল প্রকার যাদুঘর, আর্টগ্যালারী, চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন (ইজারা গ্রহণকারী ব্যতীত);

(ঙ) সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনকারী প্রতিষ্ঠান (কমিউনিটি সেন্টার, বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃকিত অনুষ্ঠানের আয়োজক, খেলাধুলার আয়োজক, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ব্যতীত);

(চ) গল্‌ফ ক্লাব, শুটিং ক্লাব, রেসিং প্লেস, ফ্লাইং ক্লাব ও ড্রাইভিং ক্লাব, সকল প্রকার সামাজিক সাংস্কৃতিক ও খেলাধুলা বিষয়ক ক্লাব (ইজারা গ্রহণকারী এবং হোটেল ও রেস্তোরাঁ, ডেকোরেটরস ও ক্যাটারার্স, কমিউনিটি সেন্টার, মিষ্টান্নভান্ডার, প্রেক্ষাগৃহ, বিউটি পার্লার, হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী, অডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, ভিডিও অডিও রেকর্ডিং সপ ব্যতীত) ;

(ছ) কৃষি পণ্য বা উদ্যান বা খামার, পশু-পাখি, মৎস, জলজ প্রাণী ও জলজ সম্পদ, বনজ প্রাণী ও বনজ সম্পদ, শিল্প, সংস্কৃতি, সাহিত্য, বাণিজ্য, অর্থ, প্রযুক্তি, স্থাপত্য, প্রকৌশল ইত্যাদি বিষয়ক মেলা ও প্রদর্শনীর প্রবেশ ফি (ইজারা গ্রহণকারী এবং হোটেল ও রেস্তোরাঁ, ডেকোরেটর ও ক্যাটারিং, কমিউনিটি সেন্টার, মিষ্টান্নভান্ডার, প্রেক্ষাগৃহ, বিউটি পার্লার, হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী এর সুবিধা প্রদান ব্যতীত)।

৪। অর্থ ও আর্থিক বিষয় সংশ্লিষ্ট সেবা ঃ

(ক) সেভিংস ও সঞ্চয় গ্রহণ;

(খ) জীবন বীমা পলিসি;

(গ) স্টক ও সিকিউরিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠান;

(ঘ) স্টক ও সিকিউরিটি ব্রোকারসহ অন্যান্য ব্রোকার (পরিবহন ঠিকাদার, যোগানদার, ফ্রেইট ফরোয়াডার্স, ক্লিয়ারিং ও ফরোয়াডিং সংস্থা, ইনডেনটিং সংস্থা, ট্রাভেল এজেন্ট ও নিলামকারী প্রতিষ্ঠান ব্যতীত) ;

(ঙ) ডিসকাউন্ট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান।

৫। পরিবহন সেবা ঃ

(ক) যাত্রী পরিবহন সেবা (শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল বাস, লঞ্চ ও রেলওয়ে সার্ভিস, যানবাহন ভাড়া প্রদানকারী ব্যতীত) ;

(খ) পণ্য পরিবহন সেবা (শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডাস, পরিবহন ঠিকাদার ও কুরিয়ার সার্ভিস এর সেবা ব্যতীত) ;

(গ) এয়ার লাইনস্ (চার্টার্ড বিমান ও হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা ব্যতীত)।

৬। **ব্যক্তিগত সেবা ঃ**

(ক) সাংবাদিক, অভিনেতা, গায়ক, বেতার ও টেলিভিশন পারফরমার, লেখক, পেশাদার ক্রীড়াবিদ, নৃত্য শিল্পী, অনুবাদক, জ্যোতির্বিদ, টাইপিস্ট, বিবাহ রেজিষ্ট্রার, ঘটকালী প্রতিষ্ঠান, প্লাম্বার, কাঠমিস্ত্রি, রাজমিস্ত্রি, ইলেকট্রিক্যাল মিস্ত্রী (কনসালট্যান্সী ফার্ম ও সুপারভাইজারী ফার্ম ও জরিপ সংস্থা ব্যতীত);

(খ) শিক্ষা বিষয় সংশ্লিষ্ট গবেষক, টেকনিক্যাল বিষয় সংশ্লিষ্ট গবেষক, কম্পিউটার বিশেষজ্ঞ (কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজারী ফার্ম ও জরিপ সংস্থা ব্যতীত) ;

(গ) সকল প্রকার বাহনের চালক, অভ্যন্তরীণ নৌপথের পাইলটসহ হারবার পাইলট ;

(ঘ) ডিজাইনার (আর্কিটেক্ট, ইন্টিরিয়র ডিজাইনার বা ইন্টিরিয়র ডেকোরেটর, ইঞ্জিনিয়ারিং ফার্ম, কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজারী ফার্ম ব্যতীত) ;

৭। **অন্যান্য সেবা ঃ**

(ক) সকল প্রকার ধর্মীয় আচার, অনুষ্ঠান, স্থান ও স্থাপনায় সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ;

(খ) ডাক যোগাযোগ প্রতিষ্ঠান (কুরিয়ার সার্ভিস ও এক্সপ্রেস মেইল সার্ভিস ব্যতীত) ;

(গ) জনস্বার্থে প্রদত্ত সকল প্রকার দাতব্য ও বৈজ্ঞানিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ;

(ঘ) সরকার, স্থানীয় কর্তৃপক্ষ, স্থানীয় কর্তৃপক্ষের সংঘ অথবা প্রতিষ্ঠান যাহারা সরকারের জন্য কাজ করে এইরূপ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান (ওয়াসা, বিদুৎ বিতরণকারী, নির্মাণ সংস্থা, ভূমি উন্নয়ন ও ভবন নির্মাণ, ভূমি বিক্রয়কারী, ব্যাংক ও বীমা প্রতিষ্ঠান ব্যতীত) ;

(ঙ) সরকার, স্থানীয় কর্তৃপক্ষ, স্থানীয় কর্তৃপক্ষের সংঘ অথবা সরকারী কল্যাণমূলক প্রতিষ্ঠানকে কোন পণ ছাড়াই (without any consideration) দান হিসাবে প্রদত্ত সেবা ;

(চ) জনশক্তি রপ্তানীকারী প্রতিষ্ঠান:

(ছ) ট্যুর অপারেটর বা গাইড (ট্রাভেল এজেন্ট, শীতাতপ নিয়ন্ত্রিত তাপানুকূল বাস, লঞ্চ ও রেলওয়ে সার্ভিস ব্যতীত) ;

(জ) বাণিজ্যিক ভিত্তিতে ভবন, ভবনের অংশ বিশেষ, স্থান বা স্থাপনা ইত্যাদির ভাড়া প্রদানকারী (প্লান্ট বা মূলধনী সম্পত্তি ভাড়া প্রদানকারী সংস্থা, কমিউনিটি সেন্টার, হোটেল, রেস্তোরাঁ, পণ্যাগার, হিমাগার, চলচ্চিত্র ষ্টুডিও, প্রেক্ষাগৃহ ব্যতীত) ;

(ঝ) পোকামাকড় দমন ও বালাই নাশকারী প্রতিষ্ঠান ;

(ঞ) ষ্টিভেডরিং প্রতিষ্ঠান ;

(ট) লন্ড্রী ও ড্রাইক্লিনিং প্রতিষ্ঠান (হোটেলে প্রদত্ত সেবা এবং যান্ত্রিক লন্ড্রী ব্যতীত);

(ঠ) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ প্রতিষ্ঠান ;

(ড) সাদাকালো ফটো নির্মাতা ;

(ঢ) ফটোকপি, লেমিনেশন ও ব্লু প্রিন্ট প্রতিষ্ঠান।”।